



জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
www.naem.gov.bd



তারিখ: ০২/০৫/২০২১ বঙ্গাব্দ  
২৪/০৫/২০২১ খ্রিষ্টাব্দ

ন.-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১৮.১৫/০২২(৫০)

বিষয়: ৩৯তম ট্রেইনিং অব ট্রেইনার্স (ToT) শীর্ষক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন

উপর্যুক্ত কোর্সটি আগামী ৩১ ভাদ্র - ১৩ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১৫ - ২৮ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ০২ (দুই) সপ্তাহব্যাপী শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান (NAEM, TTC, HSTTI, BMTTI) ও সরকারি কলেজে কর্মরত কর্মকর্তাগণের জন্য ট্রেইনিং অফ ট্রেইনার্স (ToT) শীর্ষক একটি প্রশিক্ষণ কোর্স নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে তাঁর প্রতিষ্ঠান থেকে ০১ (এক) জন কর্মকর্তাকে মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ করা হলো। নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. নায়েম হোস্টেলে সিট খালি থাকা সাপেক্ষে হোস্টেলে থাকার ব্যবস্থা করা যাবে। হোস্টেলে আবাসন সুবিধা গ্রহণের ক্ষেত্রে কোর্স শুরুর আগের দিন বিকেলে নির্ধারিত হোস্টেলে সিট গ্রহণ করা বাঞ্ছনীয়।
২. সরকারি কলেজের কর্মকর্তাগণের ক্ষেত্রে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) প্রভাষক/সহকারী অধ্যাপক/ সহযোগী অধ্যাপক পদমর্যাদার একজন কর্মকর্তাকে মনোনয়ন দিতে হবে।
৩. প্রশিক্ষার্থীগণের প্রত্যেককে ব্যক্তিগত ব্যয় নির্বাহের জন্য কমপক্ষে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা সাথে আনতে হবে।
৪. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর প্রশিক্ষণে অংশগ্রহণকারীর ভ্রমণ ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার বিল নায়েম-এ পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৫. প্রশিক্ষার্থীকে তিন কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি এবং প্রতিষ্ঠান থেকে ছাড়পত্র (EIIN উইথসহ) আনতে হবে।
৬. যে সকল কর্মকর্তা ইতোপূর্বে এ কোর্সে অংশগ্রহণ করেছেন অথবা বিগত এক বছরের মধ্যে নায়েম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন (বুনিয়াদি প্রশিক্ষণ ব্যতীত) তাঁদের ক্ষেত্রে মনোনয়ন প্রযোজ্য হবে না।
৭. বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স যাঁরা সম্পন্ন করেননি তাদেরকে এ প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন না দেওয়ার জন্য অনুরোধ করা হলো।
৮. সরকারি কলেজের কর্মরত শিক্ষক, যাঁদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে এবং বেসরকারি কলেজ/মাদ্রাসায় যাঁদের বয়স ৫৮ বছর অতিক্রম করেছে তাঁদের ক্ষেত্রে মনোনয়ন প্রযোজ্য হবে না।
৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশের স্মারক নং মাউশি/প্র/বা-ইউ/৫২৮০, তারিখ: ১০/০১/৯৯ এবং স্মারক নং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ: ০৭/০৩/২০১৬ অনুসারে এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
১০. প্রশিক্ষণ সম্পর্কিত কোনো বিষয়ে জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক জনাব সাবিহা ইয়াসমিন (০১৭১৫০১৩৩৯৪) এবং জনাব মোঃ আসাদুজ্জামান (০১৭১১২৬০৫৬৪)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
১১. মনোনীত কর্মকর্তাগণকে ই-মেইল (asad4info@gmail.com)-এ কোর্স শুরুর ০৩ (তিন) দিন পূর্বে অংশগ্রহণের সম্মতিপত্র প্রেরণ করতে হবে।
১২. আমন্ত্রণপত্র ও নির্বাচিত কলেজের তালিকা নায়েম ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।
১৩. মনোনীত কর্মকর্তাগণকে ৩১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখ সকাল ০৯:০০টায় নায়েম-এর ওয়ানস্টপ সার্ভিস পয়েন্ট-এ রিপোর্ট করতে হবে।

অধ্যক্ষ

-----  
-----

(প্রফেসর ড. তাহসিনা আক্তার)  
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)  
e-mail: info@naem.gov.bd

ন.-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১৮.১৫/০২২(৫০)

তারিখ: ০২/০৫/২০২১ বঙ্গাব্দ  
২৪/০৫/২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ পরিকল্পনা ও উন্নয়ন/ গবেষণা ও তথ্যানয়ন), নায়েম, ঢাকা;
৩. উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ (কক্ষ ও সাপোর্ট সার্ভিস বরাদ্দের অনুরোধসহ);
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নায়েম, ঢাকা;
৭. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (নির্বাচিত কলেজের তালিকা ও আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. অফিস নথি।

(প্রফেসর সেরিনা আখতার)  
প্রশিক্ষণ বিশেষজ্ঞ  
ও  
কোর্স পরিচালক

Government of the People's Republic of Bangladesh  
National Academy for Educational management (NAEM)  
Secondary & Higher Education Division  
Ministry of Education  
NAEM Road, Dhanmendi, Dhaka-1205  
www.naem.gov.bd

**Bank Account Information**

Name of Bank	Name of Bank Account	Full Bank Account Number*	Routing Number	Full Branch Name	Branch Code (if any)

\*১। একাধিক ব্যাংক হিসাব থাকলে বেসরকারি ব্যাংক হিসাবের তথ্য অগ্রাধিকারযোগ্য।

\*২। অনেক প্রশিক্ষার্থী এখনও ৪ ডিজিটের হিসাব নম্বর ব্যবহার করে থাকতে পারেন। তাঁদেরকে সংশ্লিষ্ট ব্যাংক থেকে অন-লাইন হিসাব নম্বর জেনে তথ্য প্রদানের অনুরোধ করা হলো।

\*৩। সাথে ব্যাংকের চেক বইয়ের ভেতরের ১ টি পাতার ফটোকপি সাথে আনতে হবে।